

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৭৬

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ (১২) সাহায্য চাওয়া, সাহায্য গ্রহণ করা এবং এতদসংশ্লিষ্ট বিষয় যেমন: প্রতিবদলা দেওয়া, প্রশংসা করা, গুরুরিয়া আদায় করা প্রভৃতি সম্পর্কিত বর্ণনা

12 - بَابُ الْمَسْأَلَةِ وَالْأَخْذِ وَمَا يَتَعَلَّقُ بِهِ مِنَ الْمُكَافَأَةِ وَالْتِنَاءِ وَالشُّكْرِ

আরবী

3376 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرَمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: حَدَّثَنِي مُعَاوِيَةُ بْنُ صَالِحٍ عَنْ رَبِيعَةَ بْنِ يَزِيدَ عَنْ أَبِي إِدْرِيسَ الْخَوْلَانِيِّ عَنْ عَوْفِ بْنِ مَالِكٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لِأَصْحَابِهِ: (أَلَا تَبَايَعُونِي؟) قَالُوا: يَارَسُولَ اللَّهِ قَدْ بَايَعْنَاكَ مَرَّةً فَعَلَى مَاذَا نُبَايِعُكَ؟ قَالَ: (تُبَايَعُونِي عَلَى أَنْ لَا تُشْرِكُوا بِاللَّهِ شَيْئًا وَأَنْ تُقِيمُوا الصَّلَاةَ وَتُؤْتُوا الزَّكَاةَ) ثُمَّ أَتْبَعَ ذَلِكَ كَلِمَةً خَفِيفَةً: (عَلَى أَنْ لَا تَسْأَلُوا النَّاسَ شَيْئًا)

الراوي : عَوْفُ بْنُ مَالِكٍ المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3376 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1449): م.

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (عَلَى أَنْ لَا تُشْرِكُوا بِاللَّهِ شَيْئًا) أَرَادَ بِهِ الْأَمْرَ بِتَرْكِ الشِّرْكِ وَكَذَلِكَ قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (عَلَى أَنْ لَا تَسْأَلُوا النَّاسَ شَيْئًا) أَرَادَ بِهِ الْأَمْرَ بِتَرْكِ الْمَسْأَلَةِ.

বাংলা

৩৩৭৬. আওফ বিন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার তাঁর সাহাবীদের উদ্দেশ্যে বলেন, “তোমরা কি আমার কাছে বাইয়াত গ্রহণ করবে না?” সাহাবীগণ জবাবে

বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমরা তো একবার বাইয়াত গ্রহণ করেছি, তবে এখন আমরা কিসের উপর বাইয়াত গ্রহণ করবো?” তিনি বলেন, “তোমরা আমার কাছে এই মর্মে বাইয়াত গ্রহণ করবে যে, তোমরা আল্লাহর সাথে কোন কিছুকে শরীক করবে না, তোমরা সালাত প্রতিষ্ঠা করবে, যাকাত প্রদান করবে।” রাবী বলেন, “তারপর তিনি চুপিসারে বলেন, “(তোমরা বাইয়াত গ্রহণ করবে) এই মর্মে যে, তোমরা মানুষের কাছে কোন কিছু চাইবে না।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহু বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য “এই মর্মে বাইয়াত গ্রহণ করবে যে, তোমরা আল্লাহর সাথে কোন কিছুকে শরীক করবে না” এর দ্বারা উদ্দেশ্য হলো শিরক বর্জন করার নির্দেশ। অনুরূপভাবে তাঁর বক্তব্য “(তোমরা বাইয়াত গ্রহণ করবে) এই মর্মে যে, তোমরা মানুষের কাছে কোন কিছু চাইবে না” এর দ্বারা উদ্দেশ্য হলো চাওয়া বর্জন করার নির্দেশ।”

ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ১৮/৬৮; সহীহ মুসলিম: ১০৪৩; আবু দাউদ: ১৬৪২; নাসাঈ: ১/২২৯; ইবনু মাজাহ: ২৮৬৭; মুসনাদ আহমাদ: ৬/২৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহু মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহু হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৪৪৯)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আউফ ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92709>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন